



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৫৪১

তারিখঃ ০১/০৯/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৮২ তম কমিশন সভা অদ্য ০১/০৯/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Pacific Denims Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ৭৫০,০০,০০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদিত হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৭৫,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসা সম্প্রসারণ (পূর্ত নির্মাণ এবং যন্ত্রপাতি ক্রয়), ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর ২০১৫ সালের সমাপ্ত বৎসরের হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৬৩ (weighted average) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ২২.৫৯ (NAV without revaluation) এবং টাকা ২২.৪৩ (NAV with revaluation)। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited।
২. 'সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড'-কে মেয়াদি (close-end) মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচুয়াল ফান্ডে রূপান্তরের উদ্দেশ্যে গত ০৮ আগস্ট ২০১৬ তারিখে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক উক্ত ফান্ডটিকে মেয়াদি (close-end) মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচুয়াল ফান্ডে রূপান্তরের আবেদন কমিশন সভায় অনুমোদিত হয়েছে।
৩. কমিশন, ১০ বছর মেয়াদি CAPM BDBL Mutual Fund 01-এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডের লক্ষ্যমাত্রা হচ্ছে ১০০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১০ কোটি টাকা এবং প্রি-আইপিও (pre-IPO) প্রেসমেন্ট এর মাধ্যমে ইতোপূর্বে ২০ কোটি টাকা উত্তোলন করা হয়েছে এবং বাকি ৭০ কোটি টাকা অন্যান্য সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে যা পাবলিক অফার (IPO)- এর মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক যথাক্রমে Bangladesh Development Bank Limited এবং CAPM (Capital & Asset Portfolio Management) Company Limited। ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে Investment Corporation of Bangladesh (ICB)।
৪. শাহজিবাজার পাওয়ার কোম্পানী লিঃ (SPCL) এর শেয়ার পুঁজিবাজারে লেনদেন শুরু হওয়ার পর হতেই এর লেনদেন ও মূল্যে অস্বাভাবিকতা পরিলক্ষিত হয়। শেয়ারের মূল্য ও লেনদেনে উক্ত ধারা পর্যবেক্ষণ করে ৫৩২ তম জরুরী কমিশন সভায় SPCL এর শেয়ারকে ১৯/১১/২০১৪ইং তারিখ হতে নন মার্জিনেবল সিকিউরিটিজ হিসেবে ঘোষণা করা হয়। পরবর্তীতে SPCL এর শেয়ার লেনদেনের উপর পরিচালিত তদন্তের প্রতিবেদনে উল্লেখিত অনিয়মের প্রেক্ষিতে কমিশন বিভিন্ন পক্ষের উপর আর্থিক জরিমানা ও অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করে। উক্ত কোম্পানীর শেয়ারের দীর্ঘদিনের নন মার্জিনেবল সিকিউরিটিজ হিসেবে অবস্থান, এ বিষয়ে কোম্পানীর আবেদন এবং কোম্পানী সংশ্লিষ্টগণ কর্তৃক কমিশনের আরোপিত জরিমানা পরিশোধ করায় কমিশন অধ্যকার সভায় SPCL এর শেয়ারকে নন-মার্জিনেবল সিকিউরিটিজ হিসেবে ঘোষিত পূর্বের নির্দেশনাসমূহ প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করে; যা পরবর্তী লেনদেনদিবস অর্থাৎ ৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ থেকে কার্যকর হবে।


০২/০৯/২০১৬

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।